



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মুহাম্মদ আবুল হোসেন-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব মুহাম্মদ আবুল হোসেন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মুহাম্মদ আবুল হোসেন-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- দূর্নীতির মাধ্যমে বিদ্যালয়ের অর্থ আত্মসাত, বিদ্যালয় পরিচালনা কমিটির আইনসম্মত আদেশ অমান্য করা, শ্রেণিকক্ষে উপস্থিতির ক্ষেত্রে ও অন্যান্য দায়িত্বে অসময়ানুবর্তিতা, কর্তব্য কাজে শৈথিল্য প্রদর্শন, জালিয়াতির মাধ্যমে প্রধান শিক্ষক নিয়োগ হওয়া, বিভিন্ন অফিসে নিজের তথ্য প্রেরণে প্রতারণার আশ্রয় নেয়া একাডেমিক তত্ত্বাবধান, শিক্ষকের উপস্থিতি তদারক না করা, অসৎ, নৈতিক বিবর্জিত এবং শিক্ষার উদ্দেশ্যের সাথে সাংঘর্ষিক কার্যকলাপ ইত্যাদি অভিযোগে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। ইতোমধ্যে তিনি মারা যাওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রত্যাহার করা হয়েছে। ফলে আপীল এন্ড আরবিট্রেশন কমিটি ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন করেনি।

২। এমতাবস্থায়, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মুহাম্মদ আবুল হোসেন মৃত্যুবরণ করায় তার যাবতীয় পাওনা পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে পরিশোধ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।

মেমো নং- ১২৬২ (২)

তারিখ : ২০/১২/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়।
- ৭। মুহাম্মদ আবুল হোসেন, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়।
- ৮। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা